# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**11 July 2025** **7:35 AM IST**

=====================================================================

রাজ্যে আগামী পয়লা অক্টোবর থেকে গ্রাম প্রধানদের বেতন বর্তমানের নয় হাজার টাকা থেকে বৃদ্ধি করে ১৪ হাজার টাকা প্রদান করা হবে । বনাঞ্চলের গ্রাম প্রধানরাও এই বর্ধিত বেতন লাভ করবেন । গতকাল দিশপুরে আয়োজিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানান যে রাজ্যের বিভিন্ন সত্রে বসবাস করা উদাসীন মহিলা ভক্তদের ১৫শ টাকা করে অনুদান এবং অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকাদের পারিতোষিক ক্রমে আট হাজার ও চার হাজার টাকা করার সিদ্ধান্ত হয়েছে ।

এছাড়া রাজ্যে মানুষ ও হাতির সংঘাত প্রতিহত করতে ৮টি জেলায় গজমিত্র প্রকল্প বাস্তবায়ন করা হবে ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল চা বাগান অঞ্চলের আদর্শ বিদ্যালয়গুলির প্রধান শিক্ষকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন । গুয়াহাটী মেডিক্যাল কলেজ প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত এই বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্যের ১১৮ টি চা বাগান আদর্শ বিদ্যালয় ও ৫৭ টি কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের আদর্শ বিদ্যালয়ের কাজকর্ম পর্যালোচনা করেন । বৈঠকে বিদ্যালয়গুলির পাঠদান পদ্ধতি , শৈক্ষিক ফলাফল , কার্যক্ষমতা সহ আর্থ সামাজিক বিষয়গুলো মূল্যায়ন করা হয় । মুখ্যমন্ত্রী বিদ্যালয়গুলোর বিভিন্ন সমস্যার বিষয়ে প্রধান শিক্ষকদের সঙ্গে আলোচনা করে এই সমস্যা সমাধানের পথ প্রশস্ত করার জন্য

বিভিন্ন পরিকল্পনার কথা উল্লেখ করেন । মুখ্যমন্ত্রী আগামী বছরের জানুয়ারী মাস পর্যন্ত ৮০ টি নতুন চাবাগান আদর্শ বিদ্যালয় উদ্বোধন করার পরিকল্পনার কথাও জানান । মুখ্যমন্ত্রী বলেন ---- **বাইট**

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল বদরপুর-লামডিং- অংশের মুপা এবং দিহাখো ষ্টেশনের মধ্যে ভূমি ধ্বসের ফলে বন্ধ হয়ে পরা রেল লাইনে পুনরায় রেল চলাচল স্বাভাবিক করে তোলার জন্য সব প্রচেষ্টা অব্যাহত রেখেছে । ভূমি ধ্বসের ফলে ১৩ই জুলাই পর্যন্ত কয়েকটি রেলের যাত্রা বাতিল হওয়ায় বরাক উপত্যকার যাত্রীরা সমস্যার সম্মুখিন হয়েছেন । এই পরিস্থিতিতে গতকাল অনিশ্চয়তার মধ্যেই শিলচর ষ্টেশন থেকে দুপুর ১২টায় গৌহাটি অভিমুখী একটি বিশেষ রেল চালানো হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে গৌহাটি এবং আগরতলার মধ্যেও একটি বিশেষ রেল চালানোর সিদ্ধান্ত নিয়েছে । এছাড়াও কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস সহ আজ পুনরায় শিলচর-গৌহাটি এক্সপ্রেস ট্রেনটি চলাচল করানো হবে বলে রেল বিভাগ সূত্রে জানানো হয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ জানিয়েছে যে আসাম সহ উত্তর-পূর্ব ভারতের সবকটি রাজ্যে আগামী সাত দিন মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র থেকে জানানো হয়েছে যে আসামে ১২ থেকে ১৬ জুলাই পর্য্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে । কৃষকদের বৃষ্টির পূর্বাভাস অনুযায়ী জমিতে জল নিকাশের ব্যবস্থা রাখতে বলা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে গতকাল থেকে জেলাজুড়ে স্টপ ডায়ারিয়া কার্য্যসূচী শুরু হয়েছে । জেলার সহকারী আয়ুক্ত জনাদি লাংথাসা লালা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে স্টপ ডায়ারিয়া কার্য্যসূচীর সূচনা করেন । উল্লেখ্য এই কার্য্যসূচীর অধীনে জেলার শূন্য থেকে পাঁচ বছর বয়সী সব শিশুদের আশা কর্মী ও অঙ্গনওয়াড়ি কর্মীরা ঘরে গিয়ে পর্য্যবেক্ষন করে বিহিত ব্যবস্থা গ্রহন করবেন ।

---

এদিকে শ্রীভূমি জেলায় শিশুদের মধ্যে ডায়ারিয়া জনিত অসুস্থতা ও মৃত্যুর হার কমানোর লক্ষ্য নিয়ে গতকাল থেকে ডায়ারিয়া প্রতিরোধ অভিযান শুরু হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং করিমগঞ্জ সিভিল হাসপাতাল প্রাঙ্গন থেকে এ উপলক্ষ্যে একটি র‍্যালীর উদ্বোধন করেন । র‍্যালীতে জনসাধারনকে পরিষ্কার-পরিচ্ছন্নতা , হাত-ধোয়া এবং নিরাপদ পানীয় জলের গুরুত্ব সর্ম্পকে সচেতন করা হয়েছে । এই অভিযানের অধীনে আশা কর্মীরা ঘরে ঘরে গিয়ে সচেতনতা বৃদ্ধি এবং  ও আর এস প্যাকেট বিতরন করবেন । যারা ডায়ারিয়ায় আক্রান্ত হবেন , তাদের ১৪ দিন ধরে জিঙ্ক ট্যাবলেট দেওয়া হবে । এই অভিযান জুলাই ও অগাষ্ট মাসে সমগ্র জেলা জুড়ে পালন করা হবে ।

---

অসম ক্রিকেট সংস্থার ব্যবস্থাপনায় এবং শিলচর জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় গতকাল থেকে শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে ১৪ দিনের গ্রীষ্মকালীন ক্রিকেট প্রশিক্ষন শিবির শুরু হয়েছে । শিবিরে অনুর্ধ-১৬ ছেলেদের বিভাগের রাজ্যস্তরের মূখ্য প্রশিক্ষক দীপঙ্কর ব্যনার্জী প্রশিক্ষন প্রদান করছেন । শিলচর জেলা ক্রীড়া সংস্থার ক্রিকেট সম্পাদক নিরঞ্জন দাস  আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন যে গতকাল প্রথম দিন একশো-র অধিক ছেলে-মেয়ে শিবিরে যোগদান করেছে এবং কিছু দিনের মধ্যে আরো কিছু ছেলে-মেয়ে অংশ গ্রহন করবে  । এই শিবির যূব ক্রিকেটারদের দক্ষতা বিকাশে বিশেষ গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে ।

---